



স্কুল পর্যায় থেকেই কারিগরি শিক্ষা বাধ্যতামূলক: প্রধানমন্ত্রী



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

স্কুল পর্যায় থেকেই কারিগরি শিক্ষা বাধ্যতামূলক করার উদ্যোগ নেওয়া হচ্ছে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি বলেন, সময়ের চাহিদা অনুযায়ী প্রাথমিক থেকে উচ্চশিক্ষা পর্যন্ত পুরো কারিকুলাম নতুনভাবে সাজানো এখন জরুরি হয়ে উঠেছে।

মঙ্গলবার (১২ মে) ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেট ভবনে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন আয়োজিত “বাংলাদেশে উচ্চশিক্ষার রূপান্তর” বিষয়ক এক কর্মশালায় তিনি এসব কথা বলেন। প্রধানমন্ত্রী আরও বলেন, এমন একটি শিক্ষা ব্যবস্থা গড়ে তুলতে সরকার কাজ করছে, যেখানে প্রতিটি শিক্ষার্থী নিজের সক্ষমতাকে কাজে লাগাতে পারবে। সীমিত সম্পদের সর্বোচ্চ ব্যবহার করে নতুন উদ্ভাবনের পথ তৈরি করাই লক্ষ্য। পাশাপাশি মেধা পাচার কমিয়ে দেশের ভেতরেই মেধা ধরে রেখে উন্নয়ন ত্বরান্বিত করার ওপর জোর দেন তিনি।

তিনি জানান, কলেজ থেকে বিশ্ববিদ্যালয় পর্যায় পর্যন্ত গবেষণা ও উদ্ভাবনকে উৎসাহিত করতে ইনোভেশন গ্র্যান্ট চালুর পরিকল্পনা রয়েছে সরকারের। একই সঙ্গে স্কুল পর্যায় থেকেই কারিগরি শিক্ষা বাধ্যতামূলক করার দিকেও অগ্রসর হচ্ছে সরকার।

তারেক রহমান বলেন, সাম্প্রতিক রাজনৈতিক পরিবর্তনের পর নতুন বাংলাদেশ গড়তে তরুণদের আকাঙ্ক্ষা বাস্তবায়নে সরকার আন্তরিকভাবে কাজ করছে।

কর্মশালায় সভাপতিত্ব করেন অধ্যাপক মামুন। এতে আরও উপস্থিত ছিলেন শিক্ষামন্ত্রী আ ন ম এহছানুল হক মিলন, প্রধানমন্ত্রীর শিক্ষা বিষয়ক উপদেষ্টা মাহদী আমিন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এ বি এম ওবায়দুল ইসলাম, বুয়েটের উপাচার্য অধ্যাপক এ বি এম বদরুজ্জামান, নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আবদুল হান্নান চৌধুরী এবং স্টেট ইউনিভার্সিটি অব বাংলাদেশের উপাচার্য অধ্যাপক মো. আখতার হোসেন খানসহ অনেকে।